গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
১১৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।
http://food.chittagongdiv.gov.bd

তারিখ: ৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.২১০.৫১.০০১.২৩.৩৭৫২

**বিষয়: সিদ্ধ চালের চলাচল সূচি।**

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রকের স্মারক নম্বর কক্সবাজার- ২০১৩ তাং- ১৭/১০/২৩, রাঙ্গামাটি- ৩২১৭ তাং- ১৫/১০/২৩।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেনা, ইপি/ওপি, গুচ্ছগ্রাম ইত্যাদি খাতে বিতরণের জন্য স্মারকের চাহিদার প্রেক্ষিতে নিম্নরূপে সিদ্ধ চালের চলাচল সূচি জারী করা হলো।

| প্রেরক জেলার নাম | প্রেরণ কেন্দ্রের নাম | প্রাপক জেলার নাম | প্রাপক কেন্দ্রের নাম | পরিমাণ (মে:টন) | পণ্যের নাম | পরিবহণ মাধ্যম | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | আইআরটিসি | ডিআরটিসি | বিআরটিসি |
| চট্টগ্রাম | হালিশহর সিএসডি | রাঙ্গামাটি | ১। রাঙ্গামাটি এলএসডি | ৩০০ | সিদ্ধ চাল (ওয়ারেন্টি অনুযায়ী) | ১২০ | ১২০ | ৬০ |
| | | কক্সবাজার | ২। উখিয়া ,, | ১০০ | | ০ | ৮০ | ২০ |
| | | | **সর্বমোট-** | **৪০০ মে:টন** | | ১২০ | ২০০ | ৮০ |

**<u>পরিবহনের ক্ষেত্রে আবশ্যিকভাবে পালনীয় নির্দেশনা:</u>**

এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্যদ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা-২০০৮ অনুসরণ করতে হবে। এ সূচি, উপসূচি এবং প্রেরক/প্রাপককেন্দ্রে ভি-ইনভয়েস Movement Programming Software এ এন্ট্রি করতে হবে;

সূচির বিপরীতে প্রেরিতব্য **চালের প্রকার (আমদানী/আমন/বোরো), গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে** এবং সংশ্লিষ্ট জেখানি/উখানির'র বিশেষ তদারকি/ নজরদারিতে চাল প্রেরণ করতে হবে। প্রেরণকেন্দ্র হতে ছেঁড়া ও খাদ্যশস্য ধারণ অনুপযোগী বস্তায় চাল বোঝাই দেয়া যাবেনা। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী) কর্তৃক যাচাইকৃত হতে হবে;

'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ২১১নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি/সিএসডির সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরী নির্দেশনা বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ৩৫৪নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ৯৯৮নং স্মারকের নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ট ডিজিটাল প্রিন্ট স্টেনসিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেনসিলবিহীন খাদ্যশস্য পরিবহন করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ কর হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহনকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চসনি/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাঃকঃ) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ অত্র দপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

'খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা মহোদয় স্বাক্ষরিত১১/০৫/২০১৯ তারিখের ২১১নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি/সিএসডির সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক১৮/০৪/২০২০ তারিখের ৩৫৪নং স্মারক, ১৮/০৫/২০২১ তারিখের ৪৫৩নং পরিপত্র, ২৯/১১/২০২১ খ্রি. তারিখের ১২২৪নং স্মারক এবং ২২/০৫/২০২২ খ্রি. তারিখের ৪৭৮নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রনকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং নিশ্চিত করবেন। ইনভয়েস মনিটরিং সংক্রান্ত খাদ্য অধিদপ্তরের ২৮/০৮/২০০৩ তারিখের ৯১৭ নং স্মারক অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

জারীকৃত চলাচল সূচির মেয়াদ শেষে প্রেরণকেন্দ্রভিত্তিক বিবরণী সংশ্লিষ্ট জেখানি দপ্তর হতে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন;

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের৫২৬নং স্মারকে জারীকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এ আবশ্যিকভাবে উপ-সূচি জারী, ভি-ইনভয়েস ইস্যু এবং রিসিভ করতে হবে;

এ সূচি জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড এবং অধীনস্থ ব্যবস্থাপক/উখানি/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

এ সূচির মেয়াদ ৩০/১০/২০২৩ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

১৯-১০-২০২৩
এস.এম. কায়ছার আলী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
০২৩৩৩৩৬৭৩৪ (ফ্যাক্স)
rcf.ctg@dgfood.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ................।

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.২১০.৫১.০০১.২৩.৩৭৫২/১(৫)

তারিখ: ৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২। ব্যবস্থাপক, দেওয়ানহাট/হালিশহর সিএসডি;
৩। মহাপরিচালকের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক .................. এবং
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..................... এলএসডি।

২২-১০-২০২৩
এস.এম. কায়ছার আলী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক